

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
লালমনিরহাট

স্মারক নং-৩৪.০১.৫২০০.০০০.৩৮.২৬.২৩.(অংশ-২)-৬৫০

তারিখ-০৮/১২/২০২৫ খ্রিঃ।

ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর লালমনিরহাট জেলা কার্যালয়ধীন নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে লালমনিরহাট জেলার কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

নং	ট্রেডের নাম ও আসন সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	কোর্স ফি (টাকা)	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	আবেদন জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	ভর্তি ও প্রশিক্ষণ শুরু তারিখ
০১	হস্তশিল্প (অনাবাসিক) আসন সংখ্যা-২০ জন	০১ জানুয়ারী ২০২৬ হতে ৩১ জানুয়ারী ২০২৬ খ্রিঃ পর্যন্ত ০১ মাস	১০০/- (একশত) টাকা	অষ্টম শ্রেণি	২৪/১২/২০২৫	২৮/১২/২০২৫ সকাল ১১.০০ টা	০১/০১/২০২৬

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- ক) বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে।
- খ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- গ) অনলাইন থেকে / নির্ধারিত আবেদন ফরমে (১) পূর্ণ নাম (বাংলা ও ইংরেজী), (২) পিতার নাম (বাংলা ও ইংরেজী), (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী), (৪) জন্ম তারিখ, (৫) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স, (৬) জাতীয় পরিচয় পত্রের নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদ, (৭) বর্তমান ঠিকানা, (৮) স্থায়ী ঠিকানা, (৯) শিক্ষাগত যোগ্যতা, (১০) ধর্ম, (১১) জেডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগ নম্বর, (১৪) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে), (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা / প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- ঘ) প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য সচেষ্ট থাকতে হবে।
- ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইট থেকে ডাউনলোড করে অথবা জেলার উপপরিচালকের কার্যালয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। পূরণকৃত আবেদন পত্র উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর লালমনিরহাটের রক্ষিত বাক্সে জমা প্রদান করতে হবে।
- চ) আবেদন পত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ছায়াছবি (সত্যায়িত), (খ) জাতীয়তা পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্মানিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ কপি পার্সপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে। নির্বাচনী মৌখিক পরীক্ষার সময় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
- ছ) সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে যথাসময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ / ডি,এ প্রদান করা হবে না।
- জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ঝ) লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ঞ) ইতিপূর্বে কোন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে বা চলমান কোন ট্রেডে প্রশিক্ষণরত থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

প্রশিক্ষণের শর্তাবলী :

- ক) ভর্তির সময় ভর্তি ফি ১০০(একশত) টাকা (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানের নিকট জমা প্রদান করতে হবে।
- খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ঘ) প্রশিক্ষণার্থীগণ সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত দৈনিক উপস্থিতির ভিত্তিতে সরকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা প্রাপ্য হবে।

মোঃ আব্দুস সালাম শিকদার
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট

স্মারক নং-৩৪.০১.৫২০০.০০০.৩৮.২৬.২৩.(অংশ-২)-৬৫০

তারিখ-০৮/১২/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট সদর/ আদিতমারী / কালীগঞ্জ/ হাতীবান্ধা /পাটখাম, লালমনিরহাট।
০৪। অফিস কপি/ গার্ড নথি / নোটিশ বোর্ড।

সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
লালমনিরহাট